# এইচ এস সি ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র — বিষয় কোড: ২৫০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — মান — ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ বিজ্ঞ আলেক ও কারী বরকতুল্লাহ হাক্কানী ফজরের সালাতের পর উচ্চস্বরে পবিত্র কুরআন তিলাওয়াত করছেন। ছোট ছেলে জিজ্ঞাসা করলো— বাবা, তুমি প্রতিদিন এই বইটিই পড় কেন? উত্তরে কারী সাহেব বললেন—এটি কোন সাধারণ বই নয়, এটি কোন মানুষের রচনা নয়, এটি আমাদের সৃষ্টিকর্তা মহান আল্লাহর পক্ষ থেকে প্রেরিত আমাদের দুনিয়ার জীবনের পথ নির্দেশিকা এবং এই কিতাবের বিধান মেনে চলার উপরে নির্ভর করে আমাদের আখিরাতের জীবনের মুক্তি। তাছাড়া এই কিতাব তিলাওয়াত করলে মনে হয় আমি আল্লাহর সাথে কথা বলছি।

ক. وَرَتِّلِ الْقُرْاٰنَ تَرْتِيْلًا -এর অর্থ লিখ। ১

খ. তানযিল ও ইনযাল বলতে কী বুঝায়? ২

গ. দুনিয়া আখিরাতের মুক্তির জন্য উল্লিখিত কিতাব অনুসরণের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. কারী বরকতুল্লাহর উক্তি—'এই কিতাব তিলাওয়াত করলে মনে হয় আমি আল্লাহর সাথে কথা বলছি।' এর তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

২.▶ অধ্যাপক ড. কুদরততে খোদা বিজ্ঞ আলেম। তিনি নিয়মিত কুরআন তিলাওয়াত করেন। পুত্র মাহবুবে খোদাকে পবিত্র কুরআনের উপদেশ শুনান, পুত্রের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। আজ তিনি পুত্রকে সূরা বাকারার পঞ্চম রুকু পড়ে শোনালেন। সেখানে বাণী ইসরাঈল প্রসঙ্গে আলোচনা করা হয়েছে। অধ্যাপক সাহেব তাদের প্রতি আল্লাহর অনুগ্রহ রাজির বিবরণ পুত্রকে শোনালেন এবং তাদের অবাধ্যতাগুলো তুলে ধরলেন। সবশেষে তিনি বললেন—'আসলে তারা ছিল প্রতিপালকের প্রতি চরম অবাধ্য একটি জাতি'।

ক. رَيْبَ শব্দের অর্থ কী? ১

খ. 'ফাতরাতুল ওহী' বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে নির্দেশিত জাতির প্রতি আল্লাহর অনুগ্রহগুলো উল্লেখ কর। ৩

ঘ. উদ্দীপকে পিতার সর্বশেষ উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩.▶ ড. কুরবান আলী কুরআন গবেষণা কেন্দ্রের পরিচালক। পবিত্র কুরআন সংশয়মুক্ত ও অবিকৃত রাখার জন্য এর নাযিলের শুরু থেকেই রাসূল (স.) ও তাঁর সাহাবীগণ যে সাবধানতা অবলম্বন করেন তার বর্ণনা করতে গিয়ে তিনি বলেন— অতীতে কোন আসমানী গ্রন্থ সংরক্ষণ করার জন্য এতটা সাবধানতা অবলম্বন করা হয়নি যতটা করা হয়েছে পবিত্র কুরআনের ক্ষেত্রে। তিনি পবিত্র কুরআন হেফাজতের ব্যাপারে মহান আল্লাহর ঘোষণাটি উদ্ধৃত করলেন। যথা: "নিশ্চয় আমি এই উপদেশ অবতীর্ণ করেছি এবং আমিই এর সংরক্ষণকারী।'

ক. اَلْقُرْاٰن শব্দের শাব্দিক অর্থ কী? ১

খ. সুরা বাকারার প্রথম রুকুতে 'তারাই সফলকাম' বলে কাদেরকে বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কিতাব হেফাজতের জন্য রাসূল (স.) এর জীবদ্দশায় কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত আল্লাহর বাণীটি বিশ্লেষণ কর। ৪

৪.▶ ইসলাম শিক্ষা বিষয়ের ক্লাসে শিক্ষক হাদিস সম্পর্কে আলোচনা করছিলেন। এক ছাত্র জিজ্ঞাসা করল—'স্যার, পবিত্র কুরআনেই আল্লাহ সব বিষয়ের বর্ণনা করেছেন, তাহলে হাদিসের প্রয়োজন কী?' শিক্ষক বললেন— 'হাদিস মূলত কুরআনের ব্যাখ্যা, এটি ইসলামি শরিয়তের উৎস, হাদিস ব্যতীত পবিত্র কুরআনের মর্ম উদঘাটন এবং কুরআনর অনেক নির্দেশ পালন করা সম্ভব নয়। তাছাড়া আধুনিক জ্ঞান—বিজ্ঞানের বিভিন্ন শাখাও

Teachingbd.com

হাদিস শাস্ত্র দ্বারা সমৃদ্ধ হয়েছে।' তিনি আরও বলেন—'হাদিস শাস্ত্র প্রাচীন ইতিহাস ও ইসলামের ইতিহাসের নির্ভরযোগ্য দলিল।'

ক. হাদিস (حديث) শব্দের অর্থ কী? ১

খ. হাদিসের সনদ (سند) বলতে কী বুঝ? ২

গ. পবিত্র কুরআনের নির্দেশ পালনের ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত শাস্ত্রটির গুরুত্ব উদাহরণসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. শিক্ষকের সর্বশেষ উক্তির সাথে তুমি কি একমত? তোমার উত্তরের স্বপক্ষে প্রমাণ ও যুক্তি উপস্থাপন কর। ৪

৫.▶ দবির খন্দকারের ছেলে এসএসসি পাস করে এবারে কলেজে ভর্তি হবে। অনলাইনে ভর্তির আবেদন করতে হয়। দূরের কলেজে ভর্তি হলে বাড়ি থেকে লেখাপড়া করা সম্ভব নয়। কিন্তু কোথায় থাকবে, কাদের সাথে বন্ধুত্ব হবে এই নিয়ে চিন্তিত দবির খন্দকার। প্রতিবেশী শরীফ সাহেবের মেধাবী ছেলেটি মাদকাসক্তদের সাথে বন্ধুত্বের কারণে বিপথগামী হয়ে গেছে। এখন সেও মাদকাসক্ত। তাই খন্দকার সাহেব ছেলেকে বন্ধু নির্বাচনের গুরুত্ব বুঝাবার চেষ্টা করছেন। তিনি রাসুল (স.) এর একটি হাদিসও উদ্ধৃত করলেন। যথা— 'মানুষ তার বন্ধুর আদর্শের উপরে, তাই তোমাদের প্রত্যেকেই যেন দেখে নেয় সে কার সাথে বন্ধুত্ব করছে।

ক. (خمر) অর্থ কী? ১

খ. লজ্জাশীলতা ঈমানের অঙ্গ-ব্যাখ্যা কর। ২

গ. শরীফ সাহেবের ছেলে যে আসক্তি দ্বারা আসক্ত তা প্রতিকারের উপায় বিশ্লেষণ কর।৩

ঘ. বর্তমান সমাজে উদ্দীপকে উদ্ধৃত হাদিসটির উপযোগিতা ব্যাখ্যা কর। ৪

৬.▶ ইসলাম পুরের লোকেরা দেশের সংবিধানের প্রতি শ্রদ্ধাশীল। সকল কর্মকাণ্ডে আইন মেনে চলে। সমাজে কোন সমস্যার উদ্ভব হলে দেশের সংবিধান অনুযায়ী তা সমাধানের চেষ্টা করে। কোন বিষয়ে সংবিধানে সরাসরি কোন সমাধান খুঁজে না পেলে তার সমাধানের জন্য সমাজের বিজ্ঞ, নিঃস্বার্থ ও হিতৈষী ব্যক্তিদেরকে একত্র করে তাদের মাঝে সমস্যাটি উপস্থাপন করে। তারা সমস্যাটি নিয়ে চিন্তা করেন এর সম্ভাব্য সমাধান নিয়ে যুক্তিপূর্ণ মতবিনিময় করেন। অবশেষে সমস্যা নিরসনের জন্য একটি সিদ্ধান্তের উপরে সকলের সম্মতি আহ্বান করেন। সকলে সম্মত হলে সিদ্ধান্তটি তাদের নিকট দেশের সংবিধানের ন্যায় মর্যাদা লাভ করে।

ক. لا تجتمع امتى على الضلالة হাদিসটির অর্থ কী? ১

খ. আজিমত ও রুখসাত বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পদ্ধতিতে শরীয়ার বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন কারা? তাদের প্রয়োজনীয় যোগ্যতা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের সিদ্ধান্ত গ্রহণ পদ্ধতিটির সঙ্গে ইসলামি শরিয়তে কোন উৎসটির মিল খুঁজে পাও। ইসলামি শরিয়তে এর গুরুত্ব নির্ণয় কর। ৪

৭.▶ কবিরপুর গ্রামে প্রায় ১০০০ হাজার পরিবার বসবাস করে। ২৫০টি পরিবারের জীবনযাপনের মান দরিদ্রসীমার নিচে। তারা যাকাত গ্রহণ করে। ১০০টি পরিবার যাকাত দেয়ার যোগ্য। তারা সকলেই ব্যক্তিগতভাবে যাকাত প্রদান করে। এতে গ্রামের দরিদ্রদের অবস্থার বিশেষ কোন পরিবর্তন হয় না। তাই গ্রামের বিজ্ঞ ব্যক্তি কবির তালুকদার যাকাত দাতাদেরকে একত্র করে প্রস্তাব করেন যে, আমাদের সকলের যাকাতের টাকা একত্র করে আমরা প্রতিবছর ২৫টি পরিবারকে সাবলম্বী করব। এতে আগামী দশ বছরে আমাদের গ্রাম দারিদ্র্যমুক্ত হবে। সকল যাকাত দাতা তার মতের প্রতি স্বতঃস্ফূর্ত সমর্থন জানালেন।

ক. (حسد) (হাসাদ) শব্দের অর্থ কী? ১

খ. 'উপরের হাত নিচের হাতের চেয়ে উত্তম' কথাটির মর্মার্থ লিখ। ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে উল্লিখিত মৌলিক ইবাদাতটির ধর্মীয় গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কবির তালুকদারের প্রস্তাবটি মতামত সহকারে বিশ্লেষণ কর। ৪

৮.▶ জনাব আতা খান আত্ম অহংকার বশত কথায় কথায় মানুষকে হেয় প্রতিপন্ন করেন, গালি দিয়ে কুশল জিজ্ঞাসা করেন, অকারণে অশ্লীল বাক্য ব্যবহার করেন, দাম্ভিকতার সাথে চলাফেরা করেন। তাই সমাজের মানুষ তাকে এড়িয়ে চলে। সমাজের বিশিষ্ট ও সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তি জনাব আবরারুল হক একদিন তাকে সংশোধনের জন্য উপদেশ স্বরূপ অনেক কথাই বললেন, সাথে রাসূল (স.) এর একটা বাণীও শুনালেন— যথা: রাসূল (স.) বলেছেন—'সেই সবচেয়ে খারাপ লোক যার অশ্লীলতা থেকে বাঁচার জন্য মানুষ তাকে এড়িয়ে চলে।'

ক. বুখারী শরীফ সংকলনকারীর পূর্ণ নাম লিখ। ১
খ. 'সহীহাইন' বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত হাদিসের শিক্ষণীয় বিষয়গুলো বর্ণনা কর। ৩
ঘ. সর্বজন শ্রদ্ধেয় ব্যক্তি জনাব আবরারুল হকের ভূমিকাটি মতামতসহ মূল্যায়ন কর। ৪

৯.▶ উমাইয়া খিলাফতের সময়েই ফিকহ শাস্ত্রকে সুবিন্যস্ত করার কাজ শুরু করেন এক মহান ইমাম যাকে ইমামদের ইমাম বলা হয়। আব্বাসীয় খিলাফতের প্রতিষ্ঠাতা খলিফা মনসুর তাকে মুসলিম বিশ্বের প্রধান বিচারপতির দায়িত্ব দিতে চাইলে তিনি দায়িত্ব গ্রহণ করতে অস্বীকৃতি জানান। খলিফার সাথে তার কিছু বিষয়ে মতপার্থক্য হয়। এক পর্যায়ে খলিফা তাকে কারারুদ্ধ করেন, তাকে নির্যাতন করেন এবং বিষপান করিয়ে হত্যা করেন।

ক. ফিকহ শব্দের অর্থ কী? ১
খ. মাযহাব বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে নির্দেশিত ইমামের প্রবর্তিত মাযহাবের মূলনীতিগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি ফিকহশাস্ত্রের যে মহান ইমামকে নির্দেশ তার অবদান মূল্যায়ন কর। ৪

১০.▶ মোস্তাজ ঢালী বৃদ্ধ পিতার মৃত্যুশয্যায় তার বিশাল সম্পত্তি কৌশলে নিজের নামে লিখে নেয়। কিছু সম্পত্তি বিক্রি করে দিয়ে হজ্জ করে এসে আলহাজ্ব বলে পরিচয় দেয়। অপরদিকে সম্পত্তি লিখে নেয়ার কারণে একমাত্র বোন মালেকা বানু পৈত্রিক সম্পত্তি থেকে সম্পূর্ণরূপে বঞ্চিত হয়। মালেকা বানু বলে—'সে আমাকে বঞ্চিত করেছে তার হজ্জ কবুল হবে না।'

ক. হজ্জের ফরজ কয়টি? ১
খ. হজ্জ পালনের সময় সায়ী করা বলতে কী বুঝ? ২
গ. বোনের প্রতি মোস্তাজ ঢালীর করণীয় কি ছিল? ৩
ঘ. মালেকা বানুর কথাটির প্রামাণ্য বিশ্লেষণ দাও। ৪

১১.▶ তরিকত পুরের মাজার ব্যসায়ীরা নিজেদেরকে আল্লাহর প্রিয়পাত্র বলে পরিচয় দেয়। সদাসর্বদা আল্লাহর নাম মুখে উচ্চারণ করছে কখনো বা মরমী গান গেয়ে উঠে কিন্তু সালাত যথারীতি সালাত আদায়ের ব্যাপারে উদাসীন। তারা বলে সালাত হলো আল্লাহর সান্নিধ্য লাভের মাধ্যম বা সিঁড়ি। সান্নিধ্য লাভ হয়ে গেলে আর সিঁড়ির প্রয়োজন থাকে না। আমরা আল্লাহর সাথে একাত্ম হয়ে গেছি তাই আমাদের আর সালাতের প্রয়োজন নেই।

ক. তাসাউফ শব্দের অর্থ কী? ১
খ. তাসাউফের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মাজার ব্যবসায়ীরা যে ইবাদতটির ব্যাপারে উদাসীন ইসলামে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. মাজার ব্যবসায়ীদের বক্তব্য খণ্ডনে শরিয়তের প্রমাণ ও তোমার যুক্তি উপস্থাপন কর। ৪

http://teachingbd.com

ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২৫০

সময় — ৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*বিশেষ দ্রষ্টব্য:— সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।*

১. 'অবশ্যই মুমিনরা পরস্পর ভাই ভাই'— কে বলেছেন?
ক) আল্লাহ খ) রাসুল (স) গ) জিব্রাঈল (আ) ঘ) ইস্রাফিল (আ)

২. কে বলেছেন "সকল মানুষ একই দলভুক্ত"।
ক) আল্লাহ খ) রাসুল (স) গ) আব্রাহাম লিংকন ঘ) নেলসন ম্যান্ডেলা

৩. পৃথিবীতে মানব প্রেরণের উদ্দেশ্য কোনটি?
ক) শিরক করা খ) বিদআত করা গ) নবীগণের দাসত্ব করা ঘ) আল্লাহর দাসত্ব করা

৪. ঘুষদাতার ও ঘুষগ্রহীতার উপর আল্লাহর —
ক) বরকত খ) লা'নত গ) আফসোস ঘ) নজর

৫. الفقه (আল-ফিকহ) শব্দের অর্থ কী?
ক) একমত খ) বুঝা গ) তুলনা করা ঘ) ইচ্ছা করা

৬. ফিকহ শাস্ত্রের উৎস কয়টি?
ক) তিন খ) চার গ) পাঁচ ঘ) ছয়

৭. ইমাম মালিক (রহ) কত হিজরীতে জন্মগ্রহণ করেন?
ক) ৮০ খ) ৯৩ গ) ৯৫ ঘ) ১৫০

৮. নিচের কোনটি শারীরিক ইবাদত?
ক) সালাত খ) সাওম গ) হজ ঘ) যাকাত

৯. ইবাদত হলো —
i. আল্লাহর আদেশের অনুগত থাকা
ii. নিষিদ্ধ জিনিস থেকে দূরে থাকা
iii. সালাত ও সাওম পালন করা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. হাসান বসরী কত হিজরীতে জন্মগ্রহণ করেন?
ক) ২২ খ) ৩২ গ) ৩৫ ঘ) ১১০

১১. 'আল-কুরআন' শব্দের অর্থ কী?
ক) সত্য মিথ্যার পার্থক্য
খ) পঠিত
গ) জারীকৃত
ঘ) নিবন্ধিত

১২. 'আল-কিতাব' শব্দের অর্থ কী?
ক) পুস্তক
খ) বই
গ) গ্রন্থ
ঘ) সবগুলোই সঠিক

১৩. সুরা শব্দের অর্থ কী?
ক) অধ্যায় খ) পাঠ গ) সঠিক ঘ) ঠিকানা

১৪. মাক্কী সূরা কয়টি?
ক) ৮০ খ) ৮৬ গ) ৯০ ঘ) ৯৬

১৫. চিরন্তন ও শাশ্বত গ্রন্থ কোনটি?
ক) তাওরাত খ) যাবুর গ) ইনজিল ঘ) কুরআন

১৬. 'এটা ঐ কিতাব যাতে কোন সন্দেহ নেই।'— কে বলেছেন?
ক) আল্লাহ
খ) রাসুল (স)
গ) ওমর (রা)
ঘ) উসমান (রা)

১৭. কত বছর যাবত আল-কুরআন অবতীর্ণ হয়?
ক) ২০ খ) ২৩ গ) ২৫ ঘ) ২৭

১৮. রাসুল (স) কত বছর বয়সে নবুওয়ত লাভ করেন?
ক) ৩৮ বছর
খ) ৪০ বছর
গ) ৪২ বছর
ঘ) ৪৪ বছর

Teachingbd.com

১৯. "মুমিনের ক্বালব আল্লাহর আরশ" এটি কার বাণী?
i. রাসুল (স) এর
ii. বানোয়াট বা জাল
iii. তাবেয়ীদের
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২০. সুরা বাকারার আয়াত সংখ্যা কত?
ক ১৮৬ খ ২৮৬
গ ২৯৬ ঘ ১৭৬

২১. জামিউল কুরআন বলা হয় —
ক আবু বকর (রা) কে
খ ওমর (রা) কে
গ উসমান (রা) কে
ঘ আলী (রা) কে

২২. ফিরিশতাগণ মানব সৃষ্টির বিরোধিতা করেছিলেন —
i. মানব রক্তপাত ঘটাবে বলে
ii. মানবের প্রতি বিদ্বেষবশত
iii. আল্লাহর রহস্য বুঝতে অক্ষম বলে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. পরপুরুষের সাথে নারীদের কীভাবে কথা বলতে হয়?
ক কর্কশ কণ্ঠে খ মিষ্টি স্বরে
গ মোলায়েম স্বরে ঘ কোমলতার সাথে

২৪. 'তোমাদের মধ্যে সেই উত্তম যে তার স্ত্রীর নিকট উত্তম'— কার বাণী?
ক কুরআনের
খ হাদিসের
গ ইজমার
ঘ কিয়াসের

২৫. মাতা-পিতার পক্ষ থেকে সন্তানের জন্য সর্বোত্তম দান কোনটি?
ক ব্যাংক ব্যালেন্স
খ স্থাবর সম্পত্তি
গ উত্তম চরিত্র
ঘ উচ্চতর শিক্ষা

২৬. ইসলামি সমাজব্যবস্থার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য কোনটি?
ক সুদের প্রচলন
খ একত্ববাদের প্রতিফলন
গ রাসুলের অনুসরণ
ঘ খ ও গ উভয়টিই

২৭. মানুষের সকল কল্যাণ কার হাতে?
ক আল্লাহর
খ রাসুলের
গ নবিগণের
ঘ অলি-আওলিয়ার

২৮. ওহী লেখকের সংখ্যা কত ছিল?
ক ৪০ জন
খ ৪২ জন
গ ৪৪ জন
ঘ ৪৬ জন

২৯. নফল ইবাদতের মধ্যে সর্বোত্তম ইবাদত কোনটি?
ক সালাত
খ যাকাত
গ কুরআন তিলাওয়াত
ঘ হজ

৩০. কুরাআন মাজীদের সবচেয়ে বড় সুরা কোনটি?
ক ফাতিহা
খ বাকারা
গ আলে ইমরান
ঘ নিসা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

teachingbd.com